

“মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা  
ই-হজ ব্যবস্থাপনা”

(একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.hajj.gov.bd

“হজ সর্বোচ্চ অগ্রাধিকার”

সচিব, হাব  
সকল সদস্যকে  
অবহিত করুন।  
Faruque Ahmed Sardar  
Secretary General  
Hajj Agencies Association of Bangladesh

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৪০.০১০.২৩(অংশ)-৭১৭

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ  
২৯ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: সৌদি মোয়াল্লেম নির্বাচন উন্মুক্ত রাখার বিষয়ে মতামত।

- সূত্র: (১) হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) এর নং- হাব/সউদি মোয়া: সিলেকশন/উন্মুক্ত রাখা/২০২৩/০৭৩, তারিখ: ১৫.০৪.২০২৩ খ্রি:  
(২) বাংলাদেশ হজ অফিস, সৌদি আরব এর নং- ১৬.০৪.০০০০.০০০.১৮.০০৫.২০১৬.২৮৯, তাং-২৭.০৪.২০২৩ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ হজ মৌসুমে বাংলাদেশ হতে প্রেরিত ১,২৭,১৯৮ জন হাজীর সেবার জন্য সৌদি আরবে মক্কা-মিনা-আরাফা-মুজদালেফায় সেবা প্রদানকারী Al-Bait Guest কোম্পানীর সাথে বাংলাদেশ সরকারের চুক্তি সম্পাদন করা হয়েছে। যা অদ্যাবধি বলবৎ রয়েছে। চুক্তির শর্ত মোতাবেক Al-Bait Guest কর্তৃপক্ষ বাংলাদেশের ১,২৭,১৯৮ জন হজযাত্রীর জন্য মিনা, আরাফায় তীবুর প্রস্তুতি, খাবার সরবরাহের সরঞ্জামাদি সংগ্রহসহ আন্তঃমন্ত্রণালয়ের যোগাযোগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। একটি আন্তঃদেশীয় চুক্তি বলবৎ থাকা অবস্থায় মোয়াল্লেম নির্বাচন উন্মুক্ত রাখার সিদ্ধান্ত প্রদান করা হলে চুক্তির শর্তাবলী ভঙ্গের উপক্রম হবে। উল্লেখ্য, মোয়াল্লেম উন্মুক্ত রাখার বিষয়টির সাথে চুক্তির শর্তাবলী প্রতিপালন ও তপ্রোতভাবে জড়িত। যার ব্যত্যয় হলে আইনগত জটিলতা তৈরি হবে।

০২। এমতাবস্থায়, বিদ্যমান নিয়ম-কানুনের অধীনে কোন্ কোন্ এজেন্সি সরকারের গৃহীত সিদ্ধান্তে ক্ষতিগ্রস্ত হয়ে সুবিধামত মোয়াল্লেম নির্বাচনের সুযোগ চায় তাদের নাম, হাজী সংখ্যা এবং কোন কোম্পানী হতে কত দরে প্রস্তাব পেয়েছেন তার লিখিত প্রস্তাব/মতামত আবশ্যিকভাবে আগামী ২ দিনের মধ্যে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। জবাব পাওয়া গেলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে বিষয়টি অতিব জরুরী।

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব  
ফোন: +৮৮০২-৫৫১০১১১৮  
e-mail: morahajsection@gmail.com

মহাসচিব/সভাপতি

হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)

সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. স্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার, .....(হজ কার্যক্রমে অংশগ্রহণকারী ৬০৩টি এজেন্সি)।
৪. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., ১২ কারওয়ান বাজার, ঢাকা (হজ পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি।